**বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) এর বার্ষিক প্রতিবেদন ২০১৮-২০১৯**

**ছক (মূল ছকে বিএনসিইউ'র জন্য প্রযোজ্য অংশ উল্লেখ করা হয়েছে)**

**মন্ত্রণালয়/বিভাগের নাম-** শিক্ষা মন্ত্রণালয়

**আওতাধীন অধিদপ্তর/সংস্থা-** বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ)

**প্রতিবেদনাধীন বছর ২০১৮-১৯** **প্রতিবেদন প্রস্তুতির তারিখ** ২৬-০৬-২০১৯

**(১) প্রশাসনিক**

১.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য* |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| মন্ত্রণালয় | | | | | |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা) | ৩২ | ১৮ | ১৪ | ২ | বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনে সর্বমোট পদসংখ্যা ৩২ টি (নতুন সৃজনসহ) তন্মধ্যে নতুন প্রস্তাবিত শূন্য পদ ০৮টি সহ মোট ১৪টি পদ শূন্য রয়েছে যা কিনা সাংগঠনিক কাঠামোতে চূড়ান্ত অন্তর্ভুক্তির প্রক্রিয়া চলমান আছে। অর্থ মন্ত্রণালয়, সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের পর বিষয়টি বর্তমানে সচিব কমিটি কর্তৃক চূড়ান্ত অনুমোদন লাভ করেছে। এ বিষয়ে চূড়ান্তভাবে সরকারি সিদ্ধান্ত গেজেট নোটিফাইড হওয়ার পরে নিয়োগ কার্যক্রম গ্রহণ করা যাবে। |
| মোট | ৩২ | ১৮ | ১৪ | | |

*অনুমোদিত পদের হ্রাস/বৃদ্ধির কারণ মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

**(৫) মানবসম্পদ উন্নয়ন**

৫.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

| প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | বিএনসিইউ থেকে অংশগ্রহণকারী কর্মচারী/কর্মকর্তার সংখ্যা |
|---|---|
| ১ | ২ |

| | |
|---|---|
| ০৬ (ইনহাউজ প্রশিক্ষণসহ) | ২৪ |

৫.৫ প্রতিবেদনাধীন অর্থ-বছরে (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত) প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা- ০১

**(৬) সেমিনার/ওয়ার্কসপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)**

| **বিএনসিইউ কর্তৃক আয়োজিত দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কসপের সংখ্যা** | **সেমিনার/ওয়ার্কসপে অংশগ্রহণকারীদের সংখ্যা** |
|---|---|
| ০১ | প্রায় ৫০০ জন |

**(৭) তথ্যপ্রযুক্তি ও কম্পিউটার স্থাপন**

| **কম্পিউটারের মোট সংখ্যা** | **ইন্টারনেট সুবিধা আছে কি না** | **ল্যান (LAN) সুবিধা আছে কি না** | **ওয়ান (WAN) সুবিধা আছে কি না** | **কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা** | |
|---|---|---|---|---|---|
| | | | | **কর্মকর্তা** | **কর্মচারি** |
| **১** | **২** | **৩** | **৪** | **৫** | **৬** |
| ১৭ (ল্যাপটপসহ) | আছে | নেই | নেই | ১১ | ০৪ |

৯.১ বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনে সর্বমোট পদসংখ্যা ৩২ টি তন্মধ্যে নতুন (নতুন সৃজনসহ) প্রস্তাবিত শূন্য পদ ০৮টি সহ মোট ১৪টি পদ শূন্য রয়েছে যা কিনা সাংগঠনিক কাঠামোতে চূড়ান্ত অন্তর্ভুক্তির প্রক্রিয়া চলমান আছে।

৯.২ প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত **গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য** কার্যাবলীঃ

**<u>২০১৮-২০১৯ অর্থবছর</u>**

১। ২০১৫ সাল থেকে এসডিজি বাংলাদেশে অতীব গুরুত্ব সহকারে বিবেচিত হচ্ছে। এডুকেশন এজেন্ডা 'Education 2030' বাস্তবায়নে বিএনসিইউ বিগত বছরগুলিতে এর সহযোগিতামূলক কার্যক্রম চালিয়ে যাচ্ছে। ২০১৭ সালে SDG-4 2030 এর আনুষ্ঠানিক যাত্রায় জাতীয় উপদেষ্টা অংশীজনদের সভার প্রতিশ্রুতির পরিপ্রেক্ষিতে বিএনসিইউ ২০১৮ সালে বাংলাদেশে CapED প্রোগ্রাম বাস্তবায়নের অগ্রগতি পর্যবেক্ষণের জন্য সহযোগীদের সাথে সভা আয়োজন শুরু করে। ক্ষেত্র পরিকল্পনা ও নীতিমালার ওপর জোর দিয়ে বাংলাদেশে SDG-4 এর বাস্তবায়নে CapED প্রোগ্রামের কর্মসূচি ও কৌশলসমূহ এ সকল প্রোগ্রামে বিবেচিত হয়।

২। জুলাই ২০১৮-জুন ২০১৯ তারিখ পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়াধীন উভয় বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ইউনেস্কো, ঢাকা অফিস ও বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) এর যৌথ উদ্যোগে চলমান Capacity Development for Education (CapED) Programme in Bangladesh এর আওতায় গঠিত টেকনিক্যাল কমিটির তিনটি ও স্টিয়ারিং কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটি এবং অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে অনুষ্ঠিত টেকনিক্যাল কমিটির এসকল সভায় Development of SDG4 Strategic

Framework and Action Plan for Bangladesh এর কার্যক্রম তত্ত্বাবধান এবং পরিচালনার ক্ষেত্রে কৌশলগত নির্দেশনা প্রদান করা হয়।

৩। শিক্ষা সংক্রান্ত বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক ফোরামে বাংলাদেশের যথাযথ প্রতিনিধিত্ব নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়। প্রতিবেদনাধীন অর্থবছরে শিক্ষা সংক্রান্ত আঞ্চলিক ও আন্তর্জাতিক সভা/সেমিনার/কংগ্রেস/ফোরামে বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার কর্মকর্তাবৃন্দের অংশগ্রহণের মাধ্যমে বাংলাদেশের প্রতিনিধিত্ব নিশ্চিত করা হয়েছে।

৪। বিএনসিইউ'র সক্রিয় যোগাযোগ ও ব্যবস্থাপনায় সংস্কৃতি সংক্রান্ত যথা- World Hritage, Intangible Cultural Heritage, Diversity of Cultural Expressions সহ বিভিন্ন আন্তর্জাতিক কমিটির সভায় বাংলাদেশ প্রতিনিধিবৃন্দ যোগদান করেছেন। এ ছাড়াও বিএনসিইউ সংস্কৃতি সংক্রান্ত বিভিন্ন বিষয়ে সংশ্লিষ্টদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত আঞ্চলিক ও আন্তর্জাতিক কর্মশালা, সভা, সেমিনারে অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও দপ্তরের মাধ্যমে মনোনয়ন প্রেরণ করেছে।

৫। শুদ্ধাচার চর্চার উত্তম দৃষ্টান্ত হিসেবে বিএনসিইউতে I.N.T.E.G.R.I.T.Y (I Need to be Truthful, Ethical, Generous, Reliable, Innovative, Tolerant and Yielding) Corner চালু করা হয়েছে। মাননীয় শিক্ষামন্ত্রী বিগত ১৫ নভেম্বর ২০১৮ তারিখে এটি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন। এ কর্নারের উদ্দেশ্য হচ্ছে সেবা গ্রহীতাদের মাঝে সততা-নৈতিকতা অনুশীলনে অনুপ্রাণিত করা যাতে তারা অন্যের/জনগণের স্বত্বাধিকারের পণ্য-সম্পদ-সেবা অনুমতি ব্যতীত বা অন্যায়ভাবে ভোগ-দখলের স্পৃহা থেকে নিবৃত্ত থাকে। গত ২৪/১২/২০১৮ তারিখ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কপিরাইট অফিস হতে এ বিষয়ে বিএনসিইউ কপিরাইট সনদ অর্জন করে।




চিত্রঃ বিএনসিইউ'র INTEGRITY কর্নারের উদ্বোধন

৬। ২৪ জানুয়ারি ২০১৯ তারিখে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের যৌথ আয়োজনে আন্তর্জাতিক শিক্ষা দিবস উপলক্ষ্যে 'শান্তি ও সমৃদ্ধি অর্জনে শিক্ষার ভূমিকা' শীর্ষক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এম.পি., বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপমন্ত্রী জনাব মুহিবুল হাসান চৌধুরী এম.পি. ও জনাব মোঃ জাকির হোসেন এম.পি., গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো: আলমগীর, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং সভাপতিত্ব করেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব জনাব মো. সোহরাব হোসাইন। টেকসই উন্নয়নের অন্যতম মূল অনুষঙ্গ হচ্ছে শিক্ষা তাই অন্যান্য লক্ষ্যমাত্রাসমূহকে সত্যিকারের অর্জনের জন্য নিয়ে যাবার ক্ষেত্রে শিক্ষা একটি বড় নিয়ামক হিসেবে আবির্ভূত হতে পারে। এ বিষয়টি সামনে রেখেই সারা বিশ্বব্যাপী আয়োজনের জন্য বিগত বছরের জাতিসংঘের সাধারণ অধিবেশনের সর্বজনীন সিদ্ধান্তের আলোকে প্রতি বছর ২৪ জানুয়ারি আন্তর্জাতিক শিক্ষা দিবস তথা International Day of Education উদযাপনের বিষয়টি নির্ধারিত হয়েছে।




চিত্র: ২৪ জানুয়ারি ২০১৯ তারিখে অনুষ্ঠিত আন্তর্জাতিক শিক্ষা দিবস-২০১৯ এর প্রোগ্রামে মাননীয় মন্ত্রী ডা. দীপু মনি এম.পি., মাননীয় উপমন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরী এম.পি., শিক্ষা মন্ত্রণালয়; মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব জনাব মো. সোহরাব হোসাইন

৭। ৭ই মার্চ ২০১৯ তারিখে ইউনেস্কোর ইন্টারন্যাশনাল মেমোরি অব দ্যা ওয়ার্ল্ড রেজিস্টারভুক্ত সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের উপর এক আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডা. দীপু মনি এম.পি., মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় ও চেয়ারপার্সন, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মহিবুল হাসান চৌধুরী এম.পি., মাননীয় উপমন্ত্রী, গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো: আলমগীর, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং সভাপতিত্ব করেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব জনাব মো. সোহরাব হোসাইন।

৮। ২০১৮ সালের অক্টোবরে UNESCO-Sharjah Prize for Arab Culture-16th Edition এর জন্য বাংলাদেশ শিল্পকলা একাডেমিকে মনোনয়ন দিয়ে আয়োজক সংস্থার নিকট প্রেরণ করা হয়।

৯। ২০১৮ সালের নভেম্বরে Nomination for the ISESCO Prize for Open Digital Educational Resources এর জন্য Ms. Saifa Haque, Senior Lecturer, Department of English, East West University-কে মনোনয়ন দেয়া হয় এবং তিনি এ পুরস্কার অর্জন করেন।

১০। ২০১৮ সালের নভেম্বর মাসে Nomination for the UNESCO/Japan Young Researchers' Fellowships Programme (UNESCO/Keizo Obuchi Research Fellowships Programme) Cycle 2018 এর জন্য Ms. Sarnali Basak, Assistant Professor, Department of Computer Science and Engineering, Jahangirnagar University এবং Mr. Md Hayder Ali, Assistant System Analyst, National University কে মনোনীত করে আয়োজক সংস্থার নিকট প্রেরণ করা হয়।

১১। আইসেস্কো'র সাধারণ পরিষদের ১৩তম সভা গত ১১-১২ অক্টোবর ২০১৮ মরক্কো'র রাজধানী রাবাতে আইসেস্কো'র সদর দপ্তরে অনুষ্ঠিত হয়। আইসেস্কো'র মহাপরিচালক H.E. Dr. Abdulaziz Othman Altwaijri এর আমন্ত্রণে মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি.'র নেতৃত্বে তিন (০৩) সদস্য বিশিষ্ট বাংলাদেশ প্রতিনিধি দল আইসেস্কো'র সাধারণ পরিষদের ১৩তম সভায় অংশগ্রহণ করেন। অন্যান্য সদস্যরা হলেন জনাব মোঃ মনজুর হোসেন, ডেপুটি সেক্রেটারি জেনারেল, বিএনসিইউ এবং মিজ শাহানাজ পারভীন, প্রোগ্রাম অফিসার (আইসেস্কো), বিএনসিইউ।

১২। আইসেস্কো সাধারণ পরিষদের ৩য় এক্সট্রা অর্ডিনারি সেশনের সভা গত ০৯-১০ মে ২০১৯ সৌদি আরবের কিং আব্দুল আজিজ ইকোনমিক সিটিতে অনুষ্ঠিত হয়। আইসেস্কো'র মহাপরিচালক H.E. Dr. Abdulaziz Othman Altwaijri এর আমন্ত্রণে মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এম.পি.'র নেতৃত্বে তিন (০৩) সদস্য বিশিষ্ট বাংলাদেশ প্রতিনিধি দল আইসেস্কো'র সাধারণ পরিষদের ৩য় এক্সট্রা অর্ডিনারি সেশনে অংশগ্রহণ করেন। অন্যান্য সদস্যরা হলেন জনাব মো. সোহরাব হোসাইন, সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ,

শিক্ষা মন্ত্রণালয় ও সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন এবং জনাব মো. মনজুর হোসেন (অতিরিক্ত সচিব), ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন।

১৩। ইউনেস্কো পার্টিসিপেশন প্রোগ্রাম ২০১৮-১৯ এর আওতায় অনুমোদিত ৫টি প্রকল্প বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে।

১৪। ইউনেস্কোর ২০৫ ও ২০৬তম নির্বাহী বোর্ড সভায় বাংলাদেশ প্রতিনিধিদলের অংশগ্রহণ। বিএনসিইউ এ সংক্রান্ত সাচিবিক দায়িত্ব পালন করে।